

তথ্যবিবরণী

নম্বর-১০৬

২০২৪ সালে ময়মনসিংহ জেলায় এসএসসি ও সমমানের পরীক্ষার্থী ৬৭ হাজার ৩৮০-

ময়মনসিংহ, (রবিবার, ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.);

আসন্ন ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় ময়মনসিংহ জেলা হতে ৬৭ হাজার ৩৮০ জন পরীক্ষার্থী অংশ নিবে। ১১০ টি মূলকেন্দ্রের মাধ্যমে ময়মনসিংহের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

রবিবার (৪ ফেব্রুয়ারি) ময়মনসিংহ জেলা প্রশাসনের আয়োজনে দপ্তর কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলায় ২০২৪ সালের এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরিচালনার লক্ষ্যে জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী এর সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলার সকল কেন্দ্র সচিবগণ উপস্থিত থেকে পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিচালনার লক্ষ্যে উপস্থিত কর্মকর্তাদের সম্মুখে বিভিন্ন মতামত প্রকাশ করেন। সভায় কেন্দ্র সচিবগণের উদ্দেশ্যে এসএসসি ও সমমানের পরীক্ষা পরিচালনায় বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

প্রস্তুতিমূলক সভায় সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী উপস্থিত কেন্দ্র সচিবদের উদ্দেশ্যে বলেন, বিগত জাতীয় নির্বাচনে আপনারা খুবই সচেতন ও সততার মাধ্যমে দায়িত্ব পালন করেছেন। যার জন্য ময়মনসিংহ জেলা একটি সুষ্ঠু নির্বাচন উপহার দিতে পেরেছে। তাই আমি আশা করি আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষায় সততা ও সচেতনতার সাথে দায়িত্ব পালন করবেন।

তিনি আরো বলেন, পরীক্ষা কেন্দ্রে যে কোনো পরিস্থিতি আপনাদের আওতার বাইরে চলে গেলে অবশ্যই আমাদের জানাবেন। আমরা যথাযথ ব্যবস্থা নেওয়ার চেষ্টা করব।

ময়মনসিংহ জেলা শিক্ষা অফিসার মহিছিনা খাতুন বলেন, পূর্বের ন্যায় এ বছরও যেন জেলায় সুন্দর পরিবেশে আসন্ন পরীক্ষা সম্পন্ন হয় সে বিষয়ে সবার সহযোগিতা প্রয়োজন। কেন্দ্র সচিবদের উদ্দেশ্যে তিনি বলেন, পরীক্ষা কেন্দ্রে যাতে আপত্তিজনক কিছু না হতে পারে সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থী যাতে কোন প্রকার ডিভাইস ব্যবহার করতে না পারে সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। পরীক্ষার্থীর চেহারা ছবির সাথে মিলিয়ে কেন্দ্রে নিয়য়োজিত শিক্ষকদের স্বাক্ষর প্রদান করার জন্য আহ্বান জানান তিনি।

সভায় ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ডেপুটি কন্ট্রোলার এস এম মোবাস্বির হোসাইনসহ পুলিশ সুপারের প্রতিনিধি, ময়মনসিংহ সার্কেলের প্রতিনিধি, গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।

#

রেজভী/ মনির /দেওয়ান /রিদওয়ান/ হুদা২০২৪/১৪:৩০ঘন্টা